পরম করুণাময় খোদাউন করিম আমাদের সমস্ত
শুভ কার্য্যে সহায় হউন।

God save the King Emperor & Queen Empress.

দি বেঙ্গল প্রেসেস সারভার কন্‌ফারেন্সের সংক্ষিপ্ত

কার্য্য বিবরণী।

২য় বার্ষিক অধিবেশন।

রাজসাহি।

হিজরী	ইংরাজী ২৯শে ডিসেম্বর	বাংলা
২৮শে রবিয়সসানি	১৯২১।	১৪ই পৌষ
১৩৪০।	বৃহস্পতিবার।	১৩২৮।

২৮শে মার্চ্চ ১৯২২।

পরম করুণাময় খোদাউন করিম আমাদের সমস্ত
শুভ কার্য্যে সহায় হউন।

God save the King Emperor & Queen Empress.



দি বেঙ্গল প্রেসেস সারভার কন্‌ফারেন্সের সংক্ষিপ্ত

কার্য্য বিবরণী।

২য় বার্ষিক অধিবেশন।

রাজসাহি।

হিজরী	ইংরাজী ২৯শে ডিসেম্বর	বাংলা
২৮শে রবিয়সসানি	১৯২১।	১৪ই পৌষ
১৩৪০।	বৃহস্পতিবার।	১৩২৮।

২৮শে মার্চ্চ ১৯২২।

অনুরোধ।

কনফারেন্সের কার্য্য বিবরণী পুস্তিকা অধিক সংখ্যক মুদ্রিত করা হয় নাই। কারণ অর্থাভাব। এজন্য প্রত্যেক স্থানে ৩।৪ খানা করিয়া পাঠাইতে পারিলাম না। আপনাদের যে কেহ এই বিবরণী পুস্তিকা প্রাপ্ত হন অনুগ্রহ পূর্ব্বক তিনি অথবা যাঁহার সভা আহ্বান করিবার ক্ষমতা আছে তাঁহার দ্বারা এক সভা আহ্বান করিয়া সমস্ত প্রদেশ সারভাব ভ্রাতৃবৃন্দকে এই বিবরণী পুস্তিকা পাঠ করিয়া শুনাইবেন। কেহ যেন এরূপ কথা না বলেন যে "কন্‌ফারেন্সের বিবরণী পুস্তিকা আমি পড়িতে পারিলাম না কি শুনিতে পারিলাম না।" সভা ডাকিয়া যখন বিবরণী পুস্তিকা সকলকে শুনাইবেন তখন নিম্নলিখিত বিষয়ও আলোচনা করিয়া ইতিকর্ত্তব্য নিরূপণ করিবেন। বিষয়টী এই :— আপনাদের ওখানে যদি কেহ বঙ্গীয় কাউন্সিলের মেম্বর থাকেন তবে তাঁহার নিকট ৩২। ৩৩ পৃষ্ঠায় লিখিত প্রশ্ন ও প্রস্তাব উত্থাপন করার জন্য দরবার করিবেন। আপনারা কোন্ কোন্ মেম্বরের নিকট দরবার করিলেন এবং তিনি কি উত্তর দিলেন, জানাইলে সুখী হইব। কাউন্সিলে এই প্রস্তাব উত্থাপন করিয়া কার্য্যে পরিণত করিতে পারিলেই খোদার ফজলে আমাদের অভাব অভিযোগ দূর হইতে পারে। এ বিষয় যাহাতে চেষ্টা ফলবতী হয় সকলেই তজ্জন্য বিশেষ মনোযোগী হইবেন। ইহাই আমাদের অনুরোধ—ইতি ২৮। ৩। ২২

নিবেদক

আপনাদের সহকর্ম্মী

আব্দুল আজিজ ভূঁঞা,

শ্রীকুঞ্জবিহারী সেন,

বাগেরহাট (খুলনা)

পরম করুণাময় খোদাউন করিম আমাদের সমস্ত শুভ কার্য্যে সহায় হউন।

—————(:০:)—————

বঙ্গদেশের সিভিল এবং ক্রিমিনিয়াল কোর্টের প্রসেস সারভারগণের মহাসম্মিলন।

রাজসাহি।

২৯শে ডিসেম্বর, ১৯২১ সাল।

সিভিল কোর্টের ডেলিগেটদিগের নাম।

১। ঢাকা বিভাগ।

শ্রীযুক্ত	হোছেনদ্দি আহম্মদ	ঢাকা
,,	নাজেমদ্দিন আহম্মদ	ঐ
,,	মুন্সী খবিরদ্দিন আহম্মদ	ঐ
,,	যদুনাথ দত্ত	ঐ
,,	মনোমোহন দাস	ঐ
,,	গগন বিহারী দে	ঐ
,,	মহেন্দ্রচন্দ্র দে	ঐ
,,	অক্ষয়কুমার দে	ঐ
,,	মির আবদুল মজিদ	নারায়ণগঞ্জ
,,	আবদুল রহমান ভূঞা	ঐ
,,	ক্ষীরোদচন্দ্র ঘোষ	ঐ
,,	মুন্সী কদমালি মিঞা	মুন্সীগঞ্জ
,,	অমৃতলাল নাথ	ঐ
,,	সুধন্যকুমার দাস	ঐ
,,	মনোমোহন দাস	ঐ
,,	জগদ্বন্ধু দত্ত	মাণিকগঞ্জ
শ্রীযুক্ত	তাহেরদ্দিন আহম্মদ	মাণিকগঞ্জ
,,	মনসুর উদ্দিন মোল্লা	রাজবাড়ী
,,	জুড়ান চন্দ্র দে	ঐ
,,	তারাপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়	মাদারিপুর
,,	রাষবিহারি চন্দ্র	ভাঙ্গা
,,	ক্ষীরোদচন্দ্র ঘোষ	চিকুন্দি
,,	মুন্সী মমিন আলি খাঁ	ঐ
,,	মুন্সী মহম্মদ ইদ্রিস মিঞা	বরিশাল
,,	যোগেন্দ্রচন্দ্র দে	ঐ
,,	নিবারণচন্দ্র চক্রবর্ত্তী	পটুয়াখালি
,,	রমেশচন্দ্র দে	ঐ
,,	বামনচন্দ্র দত্ত	পিরোজপুর
,,	মুন্সী মহম্মদ ইয়ারালি	ঐ
,,	মুন্সী আহম্মদ আলি ভূঞা	ভোলা
,,	প্রভাতচন্দ্র দে	ঐ
,,	প্রকাশচন্দ্র দে	ময়মনসিংহ
,,	অশ্বিনীকুমার ব্রহ্ম	ঐ

শ্রীযুক্ত	আবদুল গফুর	ময়মনসিংহ
,,	লোকমান আলি	ঐ
,,	দাওউদ্দিন মিঞা	জামালপুর
,,	চন্দ্রমোহন দে	ঐ
,,	ঈশ্বরচন্দ্র পাটিকর	ঐ
,,	বৈকুণ্ঠনাথ নাথ দে	ঈশ্বরগঞ্জ
,,	সুরেন্দ্রচন্দ্র রায়	ঐ
,,	আবদুল খালেক আকন্দ	ঐ
,,	কছিমউদ্দিন মিঞা	নেত্রকোণা
,,	রামসুন্দর দে	ঐ
,,	কুঞ্জমোহন দে	কিশোরগঞ্জ
,,	মহেন্দ্রচন্দ্র দে	ঐ
,,	পিরবক্‌স মিঞা	ঐ
,,	মির আবদুল রেজ্জাক	বাজিতপুর
,,	কুঞ্জবিহারী বর্দ্ধন	টাঙ্গাইল
,,	শশিভূষণ দত্ত	ঐ
,,	অমূল্যচরণ দে	পিংনা
	২। রাজসাহি বিভাগ।	
শ্রীযুক্ত	মুন্সী সেখ সামসুদ্দিন	রাজসাহি
,,	জগদ্বন্ধু দে	ঐ
,,	অবিনাশ চন্দ্র বিশ্বাস	ঐ
,,	ফকিরচাঁদ ঘোষ	ঐ
,,	হরিচরণ দাস	ঐ
,,	সেখ বাহেরদ্দিন	ঐ
,,	সেখ ছমিরদ্দিন	ঐ
,,	সেখ মাহাতব উদ্দিন	ঐ
,,	সেখ এব্রাহিম	ঐ
,,	সেখ আইনদ্দিন	ঐ
,,	সেখ জেয়াউদ্দিন	ঐ
,,	সেখ কাজেমদ্দীন	ঐ
,,	রামেশ্বর চৌধুরী	ঐ
শ্রীযুক্ত	মহাবীর সিংহ	রাজসাহি
,,	জীবন কৃষ্ণ মণ্ডল	ঐ
,,	রাখালচন্দ্র দত্ত	ঐ
,,	হরিচরণ দাস	ঐ
,,	গঙ্গাচরণ দাস	ঐ
,,	মহেন্দ্রনাথ ঘোষ	ঐ
,,	কৃষ্ণধন দত্ত	ঐ
,,	কয়েজউদ্দিন সরদার	ঐ
,,	সেখ ছেফাতুল্যা	ঐ
,,	মিঞাজান সরকার	ঐ
,,	সেখ আফাজ উদ্দিন	ঐ
,,	সেখ হানিফ উদ্দিন	ঐ
,,	আব্বাছ আলি সরদার	ঐ
,,	সেখ ছলিমদ্দিন	ঐ
,,	সেখ দবির উদ্দিন	ঐ
,,	সেখ আনছার উদ্দিন	ঐ
,,	সেখ রিয়াজউদ্দিন	ঐ
,,	সেখ কেসম তুল্যা	ঐ
,,	সেখ মহব্বত আলি	ঐ
,,	সেখ জামাল উদ্দিন	ঐ
,,	সেখ ছালামত	ঐ
,,	সেখ ময়জুদ্দিন	ঐ
,,	গণেশ চন্দ্র দাস	ঐ
,,	কৃষ্ণগোপাল সরকার	ঐ
,,	নীলমাধব সাহা	ঐ
,,	পলকধারী রায়	ঐ
,,	যোগেন্দ্রচন্দ্র চন্দ	নাটোর
,,	সেখ আবদুল গফুর	ঐ
,,	মুন্সী আবদুল গণি মিঞা	ঐ
,,	মুন্সী আবদুল কাদের	ঐ
,,	হোসেন আলি মণ্ডল	নওগাঁ

শ্রীযুক্ত	জাহানারা মণ্ডল	মণ্ডলী
,,	অটলবিহারী দে	ঐ
,,	তিনকড়ি প্রামাণিক	ঐ
,,	নগেন্দ্রনাথ সরকার	ঐ
,,	অবিনাশ চন্দ্র ধর	ঐ
,,	অধরচন্দ্র দে	মালদহ
,,	মদনমোহন ধর	ঐ
,,	কানাই লাল চৌধুরী	ঐ
,,	সেখ পির বক্স	ঐ
,,	সেখ রহিমদ্দিন	নবাবগঞ্জ
,,	গোবিন্দচন্দ্র দাস	ঐ
,,	ব্রজনাথ দে	পাবনা
,,	সেখ মুনসুর আলি	ঐ
,,	আজিমদ্দিন আহম্মদ	সিরাজগঞ্জ
,,	রজনীকান্ত চন্দ	ঐ
,,	ললিতমোহন দে	রংপুর
,,	রহিমদ্দিন আহম্মদ	ঐ
,,	মুন্সী খোদাবক্স মিঞা	গাইবান্ধা
,,	মহম্মদ মতিউল্লা	কুড়িগ্রাম
,,	সুরেন্দ্রনাথ গুপ্ত	নিলফামারি
,,	মুন্সী মহম্মদ এব্রাহিম	দিনাজপুর
,,	অনুকুলচন্দ্র ঘোষ	ঐ
,,	গোপালচন্দ্র ঘোষ	ঐ
,,	বিশ্বেশ্বর দত্ত	ঐ
,,	মহম্মদ এরাছিন খাঁ	ঠাকুরগাঁও
,,	মুন্সী আবদুল গফুর	রায়গঞ্জ
,,	সুরেন্দ্রনাথ পাল	ঐ
,,	উজু মোল্লা	জলপাইগুড়ি
,,	এনাতুল্লা আহম্মদ	ঐ

৩। চট্টগ্রাম বিভাগ।

,,	মুন্সী সেখ সিদ্দিক আহম্মদ	চট্টগ্রাম
শ্রীযুক্ত	বিপিনচন্দ্র দে	চট্টগ্রাম
,,	শরৎচন্দ্র ধর	নোয়াখালি
,,	সতীশচন্দ্র দাস	ত্রিপুরা
,,	মুন্সী আলতাব আলি মিঞা	ঐ
,,	মুন্সী আফাজদ্দিন আহম্মদ	চাঁদপুর
,,	চিন্তাহরণ চন্দ	নবিনগর

৪। প্রেসিডেন্সি বিভাগ।

,,	কাজি মোফাখার উদ্দিন	আলিপুর
,,	শশিভূষণ দাস	ঐ
,,	চিন্তাহরণ সোম	ঐ
,,	যতীন্দ্রমোহন দাস	ঐ
,,	মুন্সী সেখ মোবারক আলি	বশিরহাট
,,	প্রিয়নাথ ঘোষ	ডায়মণ্ডহারবার
,,	মেঘনাথ দাস	ঐ
,,	হরনাথ দাস	নদীয়া
,,	জয়হরি ঘোষ	ঐ
,,	হাজি নাজেরালি সরদার	ঐ
,,	মুন্সী কলিমদ্দিন মিঞা	কুষ্টিয়া
,,	খন্দকার গোলাম রহমান	যশোহর
,,	মফিজদ্দিন বিশ্বাস	ঝিনাইদহ
,,	বঙ্কবিহারী দত্ত	মাগুরা
,,	মুন্সী সেখ মোজাম	নড়াইল
,,	হাতেমালি সিকদার	ঐ
,,	নবাব আলি খাঁ	খুলনা
,,	রজনীমোহন দত্ত	ঐ
,,	কুঞ্জবিহারী দেব	বাগেরহাট
,,	সেখ আছিরদ্দিন	ঐ
,,	মুন্সী আবদুল আজিজ ভূঞা	ঐ
,,	প্রিয়নাথ চট্টোপাধ্যায়	বহরমপুর
,,	সবদীনের সিংহ	জঙ্গিপুর
,,	শশিভূষণ প্রামাণিক	ঐ

৫। বর্দ্ধমান বিভাগ।

শ্রীযুক্ত রাম নারায়ণ রায় বর্দ্ধমান
,, মধুসুদন দাস ঐ
,, বেচারাম দে কাটোয়া
,, মির মহম্মদ এব্রাহিম ঐ
,, আবদুর রহমান কালনা
,, বরদাকান্ত দে ঐ
,, মুন্সী মহম্মদ ফকিরউল্যা আসানসোল
,, আনন্দচন্দ্র দত্ত হাওড়া
,, সারদাপ্রসাদ ঘোড়ই ঐ

ক্রিমিনিয়াল-কোর্টের

ডেলিগেটদিগের নাম।

শ্রীযুক্ত মুন্সী গোলাপ উদ্দিন ময়মনসিংহ
,, প্রকাশচন্দ্র পাল ঐ
,, মুন্সী তমিজুদ্দিন মোল্যা পাবনা
শ্রীযুক্ত মির আজাহার আলি কুড়িগ্রাম
,, মুন্সী আবদুলখালেক খাঁ নোয়াখালি
,, বিপিনবিহারী ভট্টাচার্য্য আলিপুর
,, মহাদেব দালাল যশোহর
,, সাদেকআলি মোল্যা খুলনা
,, মুন্সী সেখ আবদুলরহমান রাজসাহি
,, সেখ আবিতুল গফুর ঐ
,, সেখ খবিরদ্দিন আহম্মদ ঐ
,, সেখ ফকির আহম্মদ ঐ
,, অতুলচন্দ্র দাস ঐ
,, গয়ানাথ চাকি ঐ
,, কৃষ্ণচন্দ্র চৌধুরী ঐ
,, অভিমন্যু সরকার ঐ
,, কাৰ্ত্তিকচন্দ্র সিংহ ঐ
,, মুন্সী আলম সেখ ঐ
,, ফেলুরাম সরকার ঐ
,, মহিমাচন্দ্র দাস নাটোর

সংক্ষিপ্ত কার্য্য-বিবরণী।

পরম করুণাময় খোদাতায়ালার অনুগ্রহে রাজসাহি জেলার প্রসেস-সারভার ভ্রাতৃবৃন্দের অশেষ যত্ন ও পরিশ্রমে এবং অন্যান্য স্থানের মঙ্গলকামী প্রসেস সারভার ভ্রাতৃবৃন্দের উদ্যোগে ইংরাজি ১৯২১ সালের ২৯শে ডিসেম্বর তারিখে বৃহস্পতিবারে রাজসাহি জেলার সদর টাউন-হলে “দি বেঙ্গল প্রসেস সারভার কনফারেন্সের” দ্বিতীয় বার্ষিক অধিবেশন মহাসমারোহে নির্ব্বিঘ্নে সম্পন্ন হইয়া গিয়াছে।

সিভিল ও ক্রিমিনিয়াল কোর্টের প্রায় দুই শত প্রতিনিধি সভায় যোগ দিয়াছিলেন। এতদ্ব্যতীত কতিপয় উকিল ও উচ্চ পদস্থ

রাজ কর্ম্মচারী এবং বাহিরের বহু ভদ্রলোক দর্শকরূপে সভায় উপস্থিত ছিলেন। সভাতে পাঁচ শতাধিক লোকের সমাগম হইয়াছিল। জজ কোর্টের নাজির মৌলভি মহম্মদ সরাফ উদ্দিন সাহেব, আগন্তুক প্রতিনিধিগণের কোনরূপ অসুবিধা না হয়, কনফারেন্সের কার্য্য সুচারু-রূপে সম্পন্ন হয় তদ্‌বিষয়ে বিশেষ যত্ন লইয়াছিলেন। খোদার ফজলে তাঁহার ও স্থানীয় সিভিল ও ক্রিমিনিয়াল কোর্টের উচ্চ পদস্থ কর্ম্মচারী-গণের যত্ন চেষ্টাতেই কনফারেন্সের কার্য্য সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। খোদাউন করিম তাঁহাদের মঙ্গল করুন।

বেলা ১১টার সময় সভার কার্য্য আরম্ভ হইবে বলিয়া পূর্ব্বেই সকলকে জানান হয়। তৎপূর্ব্বেই টাউনহল প্রতিনিধি ও দর্শকমণ্ডলীতে পরিপূর্ণ হয়। ডিষ্ট্রীক্ট জজ সাহেব ও ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট সাহেব সভা-স্থলে শুভাগমন করিলে প্রতিনিধিবর্গ ও দর্শকমণ্ডলী দণ্ডায়মান হইয়া তাঁহাদের প্রতি সম্মান প্রদর্শন ও অভিবাদন করিলে তাঁহারা সকলকে বসিবার অনুমতি দিয়া নিজ নিজ আসনে উপবেশন করিলেন। তাঁহা-দিগকে পুষ্পমাল্যে বিভূষিত করিলে জেলা বরিশালের সিভিলকোর্টের সুযোগ্য প্রসেস সারভার মুন্সি মহাম্মদ ইদ্রিছ মিঞা তাঁহার স্বরচিত একটী সঙ্গীত গান করেন (১)। তৎপর ডিষ্ট্রীক্ট জজ সাহেব বাহাদুর গাত্রোত্থান করিয়া বাঙ্গালা ভাষায় উপদেশ পূর্ণ একটী বক্তৃতা দ্বারা সভার কার্য্য আরম্ভ করার অনুমতি দেন (২)। পরে ম্যাজিষ্ট্রেট সাহেব ইংরাজী ভাষায় বক্তৃতা দ্বারা তাঁহার সমর্থন করেন এবং তদীয় সেরেস্তাদার মহাশয়, সাহেব বাহাদুরের বক্তৃতা বাংলা ভাষায় সকলকে বুঝাইয়া দেন (৩)। জজ সাহেব ও ম্যাজিষ্ট্রেট সাহেবের বক্তৃতা শেষ হইলে ঢাকা জজ কোর্টের সুযোগ্য প্রসেস সার্ভার শ্রীযুক্ত বাবু যদুনাথ দত্ত মহাশয় ইংরাজী ভাষায় সাহেব বাহাদুরদিগকে কৃত-জ্ঞতা ও ধন্যবাদ জানান (৪)। জজ সাহেব বাহাদুর তাঁহার পরিচয় জিজ্ঞাসা করিলে রাজসাহির জজ কোর্টের মাননীয় নাজীর সাহেব

(১), (২), (৩), (৪), মাঘ সংখ্যার "নবজীবন" দ্রষ্টব্য।

তাঁহার পরিচয় প্রদান করেন। ইহার পর সাহেব বাহাদুরদ্বয় তাঁহাদের নিজ নিজ বাসায় যাইবার অভিপ্রায় প্রকাশ করিলে টাউন হলের বাহিরে সাহেব বাহাদুরদ্বয়ের ও উপস্থিত প্রতিনিধিগণের ফটো তোলা হয়। এবং পুনরায় টাউন হলে সকলে উপস্থিত হইয়া কনফারেন্সের কার্য্য আরম্ভ করেন।

রাজসাহি সিভিল কোর্টের অভ্যর্থনা সমিতির সেক্রেটারী শ্রীযুক্ত বাবু জগবন্ধু দে মহাশয়ের প্রস্তাবে সর্ব্ব সম্মতিক্রমে জেলা খুলনার অধীন বাগেরহাট মহকুমার সিভিল কোর্টের প্রসেস সার্ভার মুন্সী আবদুল আজিজ ভূঁঞা সাহেবকে কনফারেন্সের সভাপতি নির্ব্বাচন করা হয়। তিনি সভাপতির আসনে উপবেশন করিলে তাঁহাকে পুষ্পমাল্যে বিভূষিত করা হয়। সভাপতি সাহেবের আদেশানুসারে অভ্যর্থনা সমিতির সভাপতি মুন্সী সেখ সামসুদ্দিন সাহেব অভ্যর্থনা সমিতির অভিভাষণ পাঠ করেন (৫)। অভ্যর্থনা সমিতির সভাপতির অভিভাষণ পাঠ শেষ হইলে কনফারেন্সের সভাপতি সাহেব গাত্রোত্থান করিয়া তাঁহার অভিভাষণ পাঠ করেন (৬)। আমাদের পরম শুভানুধ্যায়ী ঢাকা জেলার সদরের উদারচেতা দ্বিতীয় মুন্সেফ রায় বাহাদুর শ্রীল শ্রীযুক্ত বাবু অনঙ্গমোহন লাহিড়ী মহোদয় কনফারেন্সের প্রতি সহানুভূতি সূচক যে পত্র সভাপতি সাহেবের নামে প্রেরণ করিয়াছিলেন সভাপতি সাহেবের আদেশ ক্রমে বরিশালের সুযোগ্য প্রসেস সার্ভার মুন্সী মহম্মদ ইদ্রিস মিঞা সুললিত ভাষায় সেই পত্র খানি পাঠ করেন (৭)। পত্র পাঠান্তে পত্র দ্বারা মাননীয় মুন্সেফ বাহাদুরকে কৃতজ্ঞতা জানান হয়। এবং সভাপতি সাহেবের আদেশানুসারে বিগত বৎসরের কনফারেন্সের বার্ষিক রিপোর্ট ঢাকা জেলার জজ কোর্টের প্রসেস সার্ভার শ্রীযুক্ত বাবু গগনবিহারী দে মহাশয় পাঠ করেন (৮)।

বার্ষিক রিপোর্ট পঠিত হইলে নিম্নলিখিত ১৩টী প্রস্তাব বিভিন্ন স্থানের প্রসেস সার্ভার ভ্রাতৃবৃন্দ কর্তৃক উত্থাপিত ও সমর্থিত এবং সর্ব্ব সম্মতি ক্রমে গৃহীত হয়।

(৫) অভ্যর্থনা সমিতির সভাপতির অভিভাষণ রাজসাহি হইতে প্রাপ্ত না হওয়ায় প্রকাশ করা গেল না।

(৬), (৭), (৮). মাঘ সংখ্যার "নবজীবন" দ্রষ্টব্য।

কন্‌ফারেন্সে লিখিত প্রস্তাবসমূহ।

১ম প্রস্তাব।

এই কন্‌ফারেন্স মহা মহিমান্বিত ভারত সম্রাট শ্রীল শ্রীযুক্ত পঞ্চম জর্জ্জ ও ভারত সম্রাজ্ঞী শ্রীশ্রীমতী মেরী মহোদয়ার দীর্ঘ জীবন ও তাঁহাদের সাম্রাজ্যের শান্তি কামনা করিতেছেন।

প্রস্তাবক—শ্রীযুক্ত অনুকুলচন্দ্র মুখোপাধ্যায়
দিনাজপুর (সদর)

সমর্থক—শ্রীযুক্ত আব্দুল মজিদ
নারায়ণগঞ্জ (ঢাকা)

এই প্রস্তাব সর্ব্ব সম্মতিক্রমে গৃহিত হয়।

২য় প্রস্তাব।

ভারতের ভাবী সম্রাট যুবরাজ শ্রীল শ্রীযুক্ত প্রিন্স অব ওয়েল্‌স্ এদেশে আগমন করিয়াছেন, আমরা তাঁহার শুভাগমনে নিরতিশয় আনন্দানুভব করিতেছি, ভগবৎ সন্নিধানে প্রার্থনা করি যুবরাজের ভারতে অবস্থিতি নিরাপদ ও মঙ্গলময় হউক।

প্রস্তাবক—শ্রীযুক্ত মুন্‌সী আলতাব আলি মিঞা
কুমিল্লা (সদর)

সমর্থক—শ্রীযুক্ত নিবারণ চন্দ্র চক্রবর্ত্তী
পটুয়াখালী (বরিশাল)

এই প্রস্তাব সর্ব্ব সম্মতিক্রমে গৃহিত হয়।

৩য় প্রস্তাব।

স্থানীয় ডিষ্ট্রীক্ট জজ মহামহিম শ্রীল শ্রীযুক্ত জি, এন্, রায় এবং ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট শ্রীল শ্রীযুক্ত আর, এন্, রীড সাহেব বাহাদুরদ্বয় আমাদের প্রতি দয়া প্রকাশে এই সভায় শুভাগমন করায় আমরা

অনির্ব্বচনীয় আনন্দানুভব করিতেছি। এজন্য এই সভা হইতে তাঁহাদিগকে ধন্যবাদ প্রদান করা হউক।

প্রস্তাবক—শ্রীযুক্ত জগবন্ধু দে, রাজসাহি (সদর)

সমর্থক—শ্রীযুক্ত প্রিয়নাথ চট্টোপাধ্যায়
মুর্শিদাবাদ (সদর)

এই প্রস্তাব সর্ব্ব সম্মতিক্রমে গৃহিত হয়।

৪র্থ প্রস্তাব।

স্থানীয় জজ কোর্টের নাজির শ্রীযুক্ত মৌলবী মহম্মদ সরাপ উদ্দিন সাহেব, কালেক্টরী আদালতের সেরেস্তাদার শ্রীযুক্ত বাবু নীরদকুমার মুন্সী ও নাজীর শ্রীযুক্ত অনাথবন্ধু গোস্বামী এবং অন্যান্য উচ্চ-পদস্থ কর্ম্মচারীগণ অনুগ্রহ পূর্ব্বক এই সভায় উপস্থিত হইয়া সহানুভূতি প্রদর্শন করায় তাঁহাদিগকে ধন্যবাদ প্রদান করিয়া তদ্রূপ সহানুভূতি পাইবার জন্য সমগ্র বঙ্গের উচ্চ পদস্থ কর্ম্মচারীগণের নিকট প্রার্থনা করা হউক।

প্রস্তাবক—শ্রীযুক্ত তারাপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়
মাদারিপুর (ফরিদপুর)

সমর্থক—শ্রীযুক্ত রামনারায়ণ রায়

এই প্রস্তাব সর্ব্ব সম্মতিক্রমে গৃহিত হয়।

৫ম প্রস্তাব।

বিগত ১৯২০ সালের কন্‌ফারেন্সে ৭ম প্রস্তাবে প্রসেস সার্ভার-গণের বেতন ৩০৲—৫০৲ টাকা ধার্য্য করার জন্য সহৃদয় গভর্ণমেণ্ট সমীপে প্রার্থনা করায় সকাউন্সিল গবর্ণর বাহাদুর বেতনের হার ১৬৲—২২৲ টাকা ধার্য্য করিয়াছেন, তজ্জন্য এই সভা গবর্ণমেণ্ট সমীপে কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন। কিন্তু এই সভা সসম্মানে সদাশয় গবর্ণমেণ্ট সদনে জানাইতেছেন যে, প্রসেস সার্ভারগণের কার্য্যের দায়িত্ব ও গুরুত্ব এবং অভাবের তুলনায় ঐ বেতন যথোপযুক্ত না হওয়ায় বিগত বৎসরের উল্লিখিত ৭ম প্রস্তাবের বিশেষরূপে বিবৃত দায়িত্ব ও গুরুত্বের প্রতি লক্ষ্য রাখিয়া প্রসেস সার্ভারগণের বেতন

৩০৲—৫০৲ টাকা নির্দ্ধারিত করা হউক। ইহাই প্রার্থনা।

প্রস্তাবক—শ্রীশশীভূষণ দাস, আলিপুর
(২৪ পরগণা)

সমর্থক—শ্রীযুক্ত মুনসী তমিজদ্দিন মোল্যা
পাবনা (সদর)

এই প্রস্তাব সর্ব্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

৬ষ্ঠ প্রস্তাব।

বিগত ১৯২১ সালের ১৮ই মার্চ্চ হইতে ২৪শে মার্চ্চ পর্য্যন্ত বেঙ্গল কাউন্সিলের অধিবেশনে মাননীয় শ্রীযুক্ত বাবু নলিনীনাথ রায় মহোদয়ের প্রশ্নোত্তরে সরকার পক্ষ হইতে অনারেবল মিষ্টার আব্দার রহিম্ সাহেব স্পষ্টাক্ষরে ঘোষণা করিয়াছেন যে, "সদাশয় গবর্ণমেণ্টের ১৭। ১০। ০২ তারিখের ৩৪৬০ J. D. এবং ঐ। ১০। ০৩ তারিখের ৩৮৮৮নং J. সার্কুলারের মর্ম্মানুসারে প্রসেস্ সারভারগণকে জারীর কার্য্য ভিন্ন অন্যান্য সকল প্রকার কার্য্য হইতে মুক্ত রাখিতে দৃঢ়রূপে আদেশ করা হইয়াছে।" কিন্তু আলিপুর সদর এবং হুগলী সদর ভিন্ন বঙ্গদেশের সর্ব্বত্র ঐ আদেশ লঙ্ঘন করিয়া প্রসেস্ সারভার-গণকে নানা প্রকার অবৈধ ও মর্য্যাদাহানিকর কার্য্যে নিযুক্ত করা হইতেছে। অতএব সদাশয় গবর্ণমেণ্ট সদনে প্রসেস্ সারভারগণকে পরওয়ানা জারি ভিন্ন অন্যান্য সর্ব্ববিধ কার্য্য হইতে মুক্ত রাখিবার জন্য প্রার্থনা করা হউক।

প্রস্তাবক—শ্রীযুক্ত শরৎচন্দ্র ধর, নোয়াখালি (সদর)

সমর্থক—শ্রীযুক্ত সেখ সিদ্দিক আহম্মদ, চট্টগ্রাম (সদর)

এই প্রস্তাব সর্ব্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

৭ম প্রস্তাব।

সদাশয় গবর্ণমেণ্ট প্রসেস্ সারভারগণকে দায়িত্ব ও গুরুত্বপূর্ণ কার্য্যে নিযুক্ত রাখিয়া পূর্ব্বে অনুপযুক্ত ও অশিক্ষিত লোকদ্বারা এই বিভাগের কার্য্য পরিচালনা করিয়া আসিতেছিলেন। কিন্তু বর্ত্তমানে উক্ত কার্য্যের দায়িত্ব ও গুরুত্ব বৃদ্ধি করিয়া পূর্ব্বাপেক্ষা অধিকতর

উপযুক্ত ও শিক্ষিত লোকদ্বারা উক্ত কার্য্য পরিচালনা করাইয়াও প্রসেস্ সারভারগণকে Menials staffএর অন্তর্ভুক্তই রাখিয়াছেন, অতএব প্রার্থনা যে প্রসেস্ সারভার ডিপার্টমেণ্টকে Permanent staff ভুক্ত করতঃ Superior service গণে Civil Service Regulations অনুসারে সর্ব্বপ্রকারের অধিকার দেওয়া হউক।

প্রস্তাবক—শ্রীযুক্ত প্রকাশ চন্দ্র দে, ময়মনসিংহ (সদর)

সমর্থক—শ্রীযুক্ত খোন্দকার গোলাম রহমান, যশোহর।

এই প্রস্তাব সর্ব্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

৮ম প্রস্তাব।

আদালত গৃহে প্রসেস্ সারভারগণের বসিবার স্থান ও উপযুক্ত আসনের কোনও ব্যবস্থা না থাকায় তাহা পাইবার জন্য সদাশয় গবর্ণমেণ্ট সদনে প্রার্থনা করা হউক।

প্রস্তাবক—শ্রীযুক্ত মুন্সী কলিমুদ্দিন, কুষ্টিয়া (নদীয়া)

সমর্থক—শ্রীযুক্ত মুন্সী নওয়াব আলি খাঁ, খুলনা (সদর)

এই প্রস্তাব সর্ব্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

৯ম প্রস্তাব।

বিগত ১৯১৮ সালের Practice ও Procedure (কার্য্য-প্রণালী) ম্যানুয়েলের ৪র্থ অধ্যায় ১৭৯ ধারার মর্ম্ম মতে ফৌজদারী আদালতের পক্ষের পরওয়ানা সকল রাজস্ব সংক্রান্ত পরওয়ানার ন্যায় নিশানদিহিকারক (Identifier) যোগে জারি হওয়ার (Bengal Executive form 530 A. approved in Board's indent list No. 123, Letter No 6043 d, 23. 7. 19.) বিধান থাকা সত্ত্বেও তাহা আমরা পাইতেছি না, একারণ প্রার্থনা যে, উক্ত পরওয়ানা সমূহ Identifier যোগে জারী হওয়ার ব্যবস্থা হউক।

প্রস্তাবক—শ্রীযুক্ত প্রকাশচন্দ্র পাল,
ময়মনসিংহ (সদর) ক্রিমিনাল কোর্ট।

সমর্থক— শ্রীযুক্ত মুন্সী আবদুলখালেক খাঁ,
নোয়াখালী (সদর) ক্রিমিনাল কোর্ট।

এই প্রস্তাব সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হয়।

১০ম প্রস্তাব।

আমরা সর্ব্বদা লেখাপড়ার কার্য্যে ব্যাপৃত থাকা সত্বেও কালি, কলম, কাগজ এবং পেন্‌সিল ইত্যাদি পাইতেছি না। যাহাতে নিয়মিতরূপে প্রাপ্ত হইতে পারি তাহার প্রার্থনা করা হউক। Vide:—Board's Miscellaneous form No. 42 অন্তর্ভুক্ত ৭ম পরিচ্ছেদের ১৮ দফার (গ)।

প্রস্তাবক—শ্রীযুক্ত মহম্মদ খোদাবক্স,
গাঁইবান্ধা (রংপুর)।

সমর্থক—শ্রীযুক্ত মুন্সী আবদুল গফুর,

এই প্রস্তাব সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হয়।

১১শ প্রস্তাব।

প্রসেস্ সার্ভার Department সম্বন্ধে যখন যে সার্কুলার ও Resolution issue হয় এবং পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত হয় তাহার এক এক খণ্ড copy প্রসেস সার্ভারগণ যাহাতে পাইতে পারেন, তাহার প্রার্থনা করা হউক।

প্রস্তাবক—শ্রীযুক্ত মির আবদুল রেজ্জাক,
বাজিৎপুর (ময়মনসিংহ)

সমর্থক—শ্রীযুক্ত মুন্সী ফকিরউল্যা আহম্মদ
আসানসোল (বর্দ্ধমান)

এই প্রস্তাব সর্ব্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

১২শ প্রস্তাব।

এই সমস্ত রিজউলনের এক এক খণ্ড প্রতিলিপি মহামান্য গবর্ণমেণ্ট কাউন্সিলে, মহামান্য হাইকোর্টে, সমস্ত বিভাগীয় কমিশনার বাহাদুর সমীপে, প্রত্যেক জেলার জজ সাহেব বাহাদুর ও ম্যাজিষ্ট্রেট

সাহেব বাহাদুর এবং প্রত্যেক মহকুমার ও চৌকীর নেজারৎ ইনচার্য্য মুন্সেফ বাহাদুর ও সব ডিভিসনাল অফিসার মহোদয়গণের সদনে সদ্বিবেচনার জন্য প্রেরিত হউক।

প্রস্তাবক—শ্রীযুত ক্ষীরোদচন্দ্র দে, চিকুন্দি, ফরিদপুর।
সমর্থক—শ্রীযুত মুন্সী এনাতুল্যা আহম্মদ
জলপাইগুড়ী, সদর।

এই প্রস্তাব সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হয়।

১৩শ প্রস্তাব।

আগামী ১৯২২ সালে এই কন্‌ফারেন্সের বার্ষিক অধিবেশন কুমিল্লা সদরে সম্পন্ন হইবার জন্য তথাকার সমিতি পক্ষ হইতে আহ্বান করিতেছি।

প্রস্তাবক—শ্রীযুত সতীশচন্দ্র দত্ত, কুমিল্লা (সদর)
সমর্থক—শ্রীযুত সারদাপ্রসন্ন বরই, হাওড়া [সদর]

এই প্রস্তাব সর্ব্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

কনফারেন্সের পূর্ব্বদিবস অর্থাৎ ২৮শে ডিসেম্বর বুধবার দিবসে প্রাইভেট মিটিংএর ধার্য্যানুসারে সভাপতি সাহেবের আদেশক্রমে সুযোগ্য বক্তা ঢাকা জেলার অধীন মুন্সিগঞ্জ মহকুমার শ্রীযুক্ত বাবু অমৃত লাল নাথ, শ্রীযুক্ত মুন্সি কদমালি মিঞা ও ঢাকা জেলার সদরের শ্রীযুক্ত মুন্সী খবিরুদ্দিন আহম্মদ সাহেব তাঁহাদের স্বরচিত সময়োচিত হৃদয় গ্রাহি প্রবন্ধ সমূহ ওজস্বিনী ভাষায় পাঠ করেন এবং বরিশাল জেলার অধীন ভোলা মহকুমার শ্রীযুক্ত বাবু অক্ষয় কুমার চন্দ মহাশয়ের লিখিত প্রবন্ধ তথাকার প্রতিনিধি শ্রীযুক্ত মুন্সী আহাম্মদালি


ভূঞা সাহেব পাঠ করেন (১)। বরিশাল জেলার সদরের শ্রীযুক্ত মুন্সী মহম্মদ ইদ্রিস মিঞা সাহেব, ময়মনসিংহ জেলার সদরের শ্রীযুক্ত প্রকাশ চন্দ্র দে মহাশয়, ঐ জেলার অধীন ঈশ্বরগঞ্জ মহকুমার শ্রীযুক্ত বাবু বৈকুণ্ঠ চন্দ্র দে মহাশয়, ঐ জেলার অধীন বাজিতপুর মহকুমার শ্রীযুক্ত মুন্সী মির আবদুল রেজ্জাক সাহেব, চট্টগ্রাম জেলার সদরের শ্রীযুক্ত মুন্সী সিদ্দিক আহাম্মদ সাহেব, হাওড়া জেলার সদরের শ্রীযুত বাবু আনন্দ চন্দ্র দত্ত মহাশয়, ২৪ পরগণা জেলার অধীন ডায়মণ্ড হারবার মহকুমার শ্রীযুত বাবু প্রিয়নাথ ঘোষ মহাশয় এবং নদীয়া জেলার সদরের শ্রীযুত মুন্সী হাজি নাজেরালি সর্দ্দার সাহেব বক্তাগণ মৌখিক বক্তৃতা প্রদান করেন। ইহাদের বক্তৃতা যেরূপ সময়োচিত সর্ব্বাঙ্গসুন্দর এবং প্রাণ মাতান ভাব ছিল তাহা শ্রোতা মাত্রেই হৃদয়ঙ্গম করিয়াছেন।

তৎপর সভাপতি সাহেবের সহযোগী শ্রীযুত বাবু কুঞ্জবিহারী দেব মহাশয়কে তাঁহার পার্শ্বে বসাইয়া বসিরহাটের সিভিলকোর্টের প্রসেস্ সারভার শ্রীযুত মুন্সী সেখ মবারক আলি সাহেব তাঁহাদের সমিতি হইতে দেয় ২৫৲ ও জামালপুর সিভিল কোর্টের প্রসেস্ সারভার শ্রীযুক্ত চন্দ্রমোহন দে মহাশয় তাঁহাদের সমিতি হইতে দেয় ১৫৲ টাকা মোট ৪০৲ টাকার দ্বারা শীত নিবারণ উপযোগী দুইখানা আলওয়ান ৩০৲ টাকা ও দুইটী জামা ১০৲ টাকার দ্বারা (যাহা পূর্ব্বে খরিদ করিয়া রাখিয়াছিলেন) তাহা উক্ত সহযোগীদ্বয়কে ভালবাসা ও ভক্তির চিহ্নস্বরূপ উপহার দিয়াছেন। তাঁহারা উভয়েই এই অযাচিত দান আনন্দের সহিত গ্রহণ করিয়া আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাইতেছেন।

ঢাকা জেলার নারায়ণগঞ্জ মহকুমার সিভিল কোর্ট প্রসেস সার্ভার মুন্সী আবদুল রহমান ভূঁঞা তাঁহাদের সমিতি হইতে মুদ্রিত কৃতজ্ঞতা হার উপহার দিয়াছেন।

(১ "নবজীবন" পত্রিকায় প্রকাশিত।

নোয়াখালি ক্রিমিনিয়াল কোর্টের সুযোগ্য প্রসেস সারভার শ্রীযুক্ত আবদুল খালেক খাঁ সাহেব তাঁহাদের সমিতি হইতে মুদ্রিত কৃতজ্ঞতা হার এবং রাজসাহি ক্রিমিনিয়াল কোর্টের সুযোগ্য প্রসেস সারভার শ্রীযুক্ত মুন্সী সেখ আবদুল রহমান মিঞা সাহেব তাঁহাদের সমিতি হইতে মুদ্রিত বিদায় গীতি উপহার দিয়াছেন। পরে নদীয়ার সুযোগ্য প্রসেস সারভার হাজি নাজেরালি সর্দ্দারের প্রস্তাবে কতিপয় নেতৃবর্গ একত্র ভিন্ন ২ আসনে উপবিষ্ট হইলে উপস্থিত প্রতিনিধিবর্গ উৎফুল্ল হইয়া ঘন ঘন করতালিদ্বারা আনন্দ জ্ঞাপন করেন, এবং ঢাকার জজ কোর্টের প্রসেস সারভার মুন্সী খবিরদ্দিন আহাম্মদ সাহেব সভাপতি সাহেবের আদেশক্রমে মহামান্য কোরাণ মজিদের "ইউছাব্বেহু লিল্লাহে" ছুরা সুললিত এলহানের সহিত পাঠ করিলে উপস্থিত প্রতিনিধি ও দর্শকমণ্ডলী দুইহাত উঠাইয়া কনফারেন্সের মঙ্গল কামনায় পরম করুণাময় খোদাতায়লার দরগাতে প্রার্থনা করেন। পরে সভাপতি সাহেবকে ধন্যবাদ দিয়া সভা ভঙ্গ করা হয়।



বেঙ্গল প্রসেস্ সার্ভার কন্‌ফারেন্সে উপস্থিত প্রতিনিধিগণের
আহার ও যাবতীয় কার্য্য নির্ব্বাহের জন্য ভিন্ন ভিন্ন
জেলা, মহকুমার প্রসেস্ সার্ভার সমিতি হইতে
যাহাদের মারফত চাঁদার টাকা প্রাপ্ত হওয়া
গিয়াছে তাহাদের নাম, স্থানের পরিচয়
এবং আয় ব্যয়ের হিসাব।

—————(:০:)—————

রাজসাহি হইতে প্রেরিত জমা খরচ দৃষ্টে লিখিত।

জমা—

সিভিল কোর্ট।

ঢাকা বাবু যদুনাথ দত্ত	১০৲
,, ,, মনোমোহন দাস	৫।০
নারায়ণগঞ্জ মির আবদুল গফুর	৫৲
,, ,, আবদুল মজিদ	২॥০
মুন্সীরগঞ্জ বাবু অমৃতলাল নাথ	২১৲
মাণিকগঞ্জ ,, উমাচরণ দে	১২৲
ফরিদপুর মুন্সী এসারৎ মিঞা	১৫৲
রাজবাড়ী বাবু চিন্তাহরণ সেন	১৫৲
মাদারিপুর ,, প্রসন্নকুমার দাস	১০৲
ভাঙ্গা ,, মনোমোহন দে	২৫৲
চিকুন্দি মুন্সী মমিনালি খাঁ	১০৲
বরিশাল বাবু যোগেশচন্দ্র দে	২০৲
পটুয়াখালি ,, কুঞ্জবিহারী দে	১০৲
,, ,, রমেশচন্দ্র দে	১০৲
পিরোজপুর ,, রাজকুমার দাস	১০৲
	১৮০৸০

খরচ—

হরির লুট	৴৫
চাউল	
(পোলাউর চাউল সহ)	১১৫৲
ডাউল ৭ প্রকার	৪৯৲
তৈল (সরিষার)	৪৬৲
মশল্যা	৩৫৲
গরম মশল্যা	৫৵০
পেয়াজ	৩॥০
রসুন	৷০
মুসলমানদের	
পোলাউর মশল্যা	১৬৴
হিন্দুদের	
পোলাউর মসল্যা	১০॥০
পোলাউর জল ছাকা	[illegible]
কাপড় ২ খানা	১৲
তরকারী	৩৬৲
	৩১৮৫

	ইজা—১৮০৸০	
ভোলা	মির আবদুল আলি	১০৲
,,	বাবু প্রভাতচন্দ্র দে	৩৲
ময়মনসিংহ	মুন্সী আবদুলওয়াহেদ মিঞা	৩৮॥০
জামালপুর	বাবু ললিতমোহন দে	১২॥০
ঈশ্বরগঞ্জ	,, বৈকুণ্ঠনাথ দে	১০৲
কিশোরগঞ্জ	,, মনোমোহন দে	১০৲
,,	,, মহেন্দ্রচন্দ্র দে	১০৲
টাঙ্গাইল	,, কুঞ্জবিহারী বৰ্দ্ধন	১৫৲
পিংনা	,, নিবারণ চন্দ্র দে	৬৸০
নেত্রকোণা	মুন্সী আপ্তাবুদ্দিন আহম্মদ	২৫৲
বাজিতপুর	,, মহম্মদ এয়াছিন মিঞা	৫৲
সেরপুর	,, মিঞাজান মিঞা	৫৲
রাজসাহি	বাবু জগবন্ধু দে	১৫৲
নাটোর	,, যোগেন্দ্রনাথ দে	১০৲
নওগাঁ	,, বসন্তকুমার বন্দ্যোপাধ্যায়	১০৲
মালদহ	,, রামজীবন দত্ত	১৫৲
নবাবগঞ্জ	নাজির সাহেব	১০৲
বগুড়া	বাবু মধুসূদন দে	১৫৲
পাবনা	,, রামচরণ দত্ত	১০৲
সিরাজগঞ্জ	মুন্সী আজিমউদ্দিন মিঞা	১০৲
রঙ্গপুর	বাবু ললিতমোহন দে	১৫৲
গাঁইবান্দা	মুন্সী খোদাবক্স মিঞা	১০৲
কুড়িগ্রাম	বাবু কালীনাথ দত্ত	১০৲
নিলফামারি	,, শশীভূষণ দে	১০৲
দিনাজপুর	মুন্সী মহম্মদ এব্রাহিম	১৫৲
ঠাকুরগাঁও	,, মহম্মদ ইউনাছ মিঞা	১০৲
বালুরঘাট	,, হামিদউল্যা মিঞা	১০৲
রাইগঞ্জ	বাবু পূর্ণচন্দ্র প্রামানিক	৫৲
		৫১২॥০

	ইজা—৩০৮৫
আলু	১৪৲
কপি	৭॥০
মাংস	৫১॥০
মৎস্য	৯৬।০
কাষ্ঠ	৪১৲
মাটিয়া হাড়ি নাইন্দ গ্লাসইত্যাদি	২১৲
চা ও পেয়ালা	৭॥০
চিনি	১২৲
বিস্কুট	৫॥৵০
সাহেবদের জন্য চা বিস্কুট	৩৲
চুরট	৪৲
দধি	১৩৮৲
ঘৃত	১০৯৲
সন্দেশ	৬৩৲
পেণ্ডেল তৈয়ারী খরচ	২০৲
কুলি খরচ	২॥০
পাইট	১৯৲
মেরামত খরচ	৭৲
বাসা পরিস্কার	১৫৲
মেথরের মজুরা	৫৴০
ঘোড়ার গাড়ী ভাড়া	১৮৲
গরুর গাড়ী ভাড়া জিনিষ পত্র আনা ও নেওয়ার জন্য	১৬৲
ফেনাইল	১৸৶০
বাঁশ	৫৲
আউর	৩৲
চাটাই খরিদ	১০৲
	১০১৩৸৴৫

		ইজা—৫১২॥০	
রাইগঞ্জ	বাবু সুরেন্দ্রনাথ পাল		৫৲
জলপাইগুড়ি	,, রামচন্দ্র পাল		১০৲
আলিপুর দুয়ার	,, উপেন্দ্রনাথ ঘোষ		২৲
চট্টগ্রাম	মুন্সী রফাত আলি মিঞা		১০৲
কক্স বাজার	(বাগেরহাট হইতে মনিঅর্ডার)		৯৸৵০
সাতকাহনিয়া	মুন্সী ইউনাছ বক্সী		১০৲
উত্তর রাউজান	,, আবদুল গফুর মিঞা		৫৲
ত্রিপুরা	বাবু সতীশচন্দ্র দত্ত		১৫৲
চাঁদপুর	মুন্সী আফাজদ্দিন মিঞা		১২৲
নবিনগর	বাবু চিন্তাহরণ চন্দ		১০৲
ব্রাহ্মণবাড়ীয়া	,, চন্দ্রমোহন দে		১০৲
নোয়াখালি	বাবু কৈলাস চন্দ্র পাল		৭৲
,,	,, হরনাথ দে		২০৲
ফেনি	,, নন্দকুমার দে		১০৲
হাতিয়া	,, চিন্তাহরণ দে		৫৲
লক্ষীপুরা	,, চন্দ্রনাথ দে		৫৲
আলিপুর	মুন্সী মমতাজউদ্দিন মিঞা		২৫৲
বসিরহাট	,, সেখ মবারেকআলি মিঞা		১৫৲
ডায়মণ্ড হারবার	বাবু প্রিয়নাথ ঘোষ		১০৲
,,	,, ,, ,,		৫৲
বারুইপুর	,, চন্দ্রকান্ত ভট্টাচার্য্য		১০৲
,,	,, চন্দ্রকান্ত দত্ত		১০৲
নদীয়া	,, হরনাথ দাস		২০৲
মেহেরপুর	,, শীতলচন্দ্র দে		১০৲
রাণাঘাট	,, অনাদিনাথ রায়		৬৲
চুঁয়াডাঙ্গা	মুন্সী হাজি বেলায়েত আলি		৩৸০
কুষ্ঠীয়া	,, কলিমদ্দিন মিঞা		১০৲
			৭৮৩৵০

	ইজা—১০১৩৸৴৫
মশলা গুড়া করার অজুরা	২৲
বাবুর্চি ও খানসামার অজুরা ৬ দিনের	৫৮৲
পাচক ব্রাহ্মণ ও চাকরদের জলখাবার ও ৭ দিনের অজুরা	৬১৲
পান তামাক সাজা চাকরের জল খাওয়া ও অজুরা ৭ দিনের	১০৸০
বাসন মাজা	৪৲
ময়দা	১৪॥০
দুগ্ধ	৫৲
গুড়	৪॥০
লবণ	৩॥০
তেতুল	১৲
পান	১০॥০
সুপারি	৫৲
চুণ	৸০
সুপারি কাটা	॥৵০
খয়ের	।৵০
পান সিগারেট	১৵০
মেজবাতি	৸৵০
তামাক	৮॥০
টিকা	২॥০
হুকা	২৵০
কল্‌কি	।/০
কলার পাত	১৫৲
কেরাসিন তৈল	৬॥০
গ্যাস আলো	৫৲
মোম বাতি	৸৵০
	১২৪০॥৫

	ইজা—৭৮২৶৹	
যশোহর	,, খন্দকার গোলামরহমান	১২৲
ঝিনাইদহ	,, মফিজদ্দিন বিশ্বাস	৫৲
,,	,, ,, ,,	৫৲
মাগুরা	,, কৃষ্ণচন্দ্র দে	১০৲
,,	,, বঙ্কবিহারী দত্ত	১৲
নড়াইল	মুন্সী সেখ মোজাম	১২৷৹
বনগ্রাম	,, আনওয়ারউদ্দিন তালুকদার	৭৸৹
খুলনা	বাবু পূর্ণচন্দ্র মুখোপাধ্যায়	১০৲
সাতক্ষীরা	মুন্সী বাহারউদ্দিন মিঞা	১৫৲
বাগেরহাট	,, আবদুল গফুর ভূঁঞা	১০৲
বহরমপুর	বাবু প্রিয়নাথ চট্টোপাধ্যায়	১০৲
মুর্শিদাবাদ	মুন্সী মকবুলহোসেন মিঞা	১০৲
জঙ্গিপুর	বাবু ধরণীধর দে	১৫৲
বর্দ্ধমান	,, রামনারায়ণ রায়	১৫৲
কালনা	,, বরদাকান্ত দে	৮৲
কাটোয়া	,, সুবলচন্দ্র মিত্র	৯৲
আসানসোল	মুন্সী মহম্মদ ফকিরউল্লা	৫৲
হাওড়া	বাবু আনন্দচন্দ্র দত্ত	১৫৲
উলুবেড়িয়া	,, কুঞ্জবিহারী দে	৯৸৶৹
হুগলী	,, পূর্ণচন্দ্র সরকার	১০৲
শ্রীরামপুর	,, হরেন্দ্রচন্দ্র দাস	৮৷৹
আরামবাগ	মুন্সী মহম্মদ গুহি খাঁ	১০৲
মেদিনীপুর	বাবু শশীকুমার দে	২৫৲
দাঁতুন	,, ক্ষেত্রনাথ চন্দ	৬৲
তমলুক	মুন্সী খয়েরউদ্দিন মিঞা	১২৲
গড়বেতা	বাবু আশুতোষ বন্দ্যোপাধ্যায়	৫৲
বীরভূম	মুন্সী সেখ নুর মহম্মদ	১০৲
রামপুরহাট	,, হবিবউল্যা মিঞা	১৬৲
		১০৭০৷৷৹

ইজা—১২৪০৷৷৫	
অসময়ে ডেলিগেটগণের হোটেলে খাওয়া	৩৶৹
কর্ম্মচারীগণের জল খাওয়া	২৷৶৹
ডেলিগেটগণের জল খাওয়া, চা খাওয়া, খাতার কাগজ	৬৶৹
মিস্ত্রি	১৷৷৹
ডেলিগেটগণের সাগু সোডা ও মিস্ত্রি	১৷৷৹
বালতি	২৷৶৹
দড়ি ছিকা	৷৷৶৹
তালা খরিদ	১৲
তৈলের বাটী	৷৷৶৹
ফুলের মালা তোড়া ইত্যাদি	২৷৹
দোয়াত হ্যাণ্ডেল	৸৶৹
আতর গোলাপ জল	১৷৷৹
ডালি ধামা	১৸৶৹
কাগজ	৫৷৷৶৹
জমা খরচের খাতা বান্ধা	১৷৷৹
ষ্টিলের গ্লাস ৬টা	২৸৹
কাঁচি	৶৹
নিপ প্লেট	২৷৷৹
বস্তা খরিদ	৫৲
ফিতা খরিদ	৷৶৹
লোহার কড়াই ও অন্যান্য জিনিষ	৬৷৶৹
টিনের জিনিষ	৪৸৹
সপ	২৲
	১২৯৬৷৴৫

ইজা—১০৭০॥০

আমতা বাবু হারাধন চট্টোপাধ্যায় ৬৲
খাতরা ,, আশুতোষ রায় ৮৲
ঐ (নাম লেখা নাই) ৭॥০

১০৯২৲

ক্রিমিনাল কোর্ট।

ঢাকা বাবু নিশিকান্ত দে ৬৲
মুন্সিগঞ্জ মুন্সী জোয়াদালি দেওয়ান ৩৲
ময়মনসিংহ বাবু প্রকাশচন্দ্র পাল ১০৲
নেত্রকোণা ,, গোপালচন্দ্র দে ৫৸০
জামালপুর মুন্সী আলেপউদ্দিন মিঞা ৩॥০
ভোলা বাবু আনন্দমোহন পাল ২।০
পিরোজপুর ,, শ্রীশচন্দ্র সেন ৩॥০
রাজসাহী ,, অতুলচন্দ্র দাস ১৯৲
পাবনা মুন্সী তমিজদ্দিন মোল্লা ৫৲
,, হাতের লেখা রসিদ ৫৲
,, ১১নং চেক ৫৲
দিনাজপুর,, রেয়াজদ্দিন আহাম্মদ ৬৲
বালুরঘাট বাবু প্রাণকৃষ্ণ দে ৫৲
ঠাকুরগাঁও ,, রমণীমোহন সরকার ৪৲
রংপুর ,, ললিতমোহন দে ৪৲
নিলফামারি,, যোগেন্দ্রমোহন ঘোষ ৪৲
কুড়িগ্রাম ,, মির আজহারআলি ৪৲
ত্রিপুরা বাবু বঙ্কিমচন্দ্র দে ৮৲
চাঁদপুর ,, ,, ,, ৩৸০
কক্সবাজার (বাগহাট হইতে প্রাপ্ত) ৯৸৵০
ফটিকছড়ি ,, যোগেশচন্দ্র দে ৩।০
শ্রীহট্ট ,, শ্রীশচন্দ্র চক্রবর্ত্তী ৬৲
নোয়াখালি মুন্সী আবদুল খালেক খাঁ ৯৲

[illegible]

ইজা—১২৯৬।৵৫

জিনিষ নষ্ট হওয়ার দরুণ ক্ষতি পূরণ ৫॥০
চিঠি পত্র প্রোগ্রাম ইত্যাদি ছাপা খরচ সায় কাগজ ২৫৲
পোষ্ট কার্ড খাম খরিদ ৩॥০
কিশোরগঞ্জের ডেলিগেটের অসুখ হওয়ায় ডাক্তার ও ঔষধ ৩৲
আলিপুরের কাজি মফাখারুদ্দিন সাহেবের অসুখ হওয়ায় ডাক্তার ঔষধ ও গাড়ী ভাড়া ৫॥০
ঢাকা শ্রীযুক্ত অক্ষয় কুমার দে মহাশয়ের অসুখ হওয়ায় ডাক্তার ও ঔষধ ২৲
মুন্সীগঞ্জ হইতে আগত উকিল বাবুর যাতায়াত গাড়ীভাড়া ইত্যাদি ২৭॥০
ফটো ৭ খান ডিষ্ট্রীক্ট জজ ও মাজিষ্ট্রেট সাহেব এবং নাজির সাহেবদিগের জন্য ১৪৲
কনফারেন্সের শেষে রাত্রে মিলাদ সরিপ পড়ার জন্য ২ জন মৌলভী সাহেবকে দেওয়া হয় ২৲
মুন্দিপের লোকের সাহায্য ১৲
ইংলিশ রিজলিউসন ও কন[illegible] কার্য্যবিবরণী ইত্যাদি মুদ্রি[illegible] [illegible]
ছাপা খরচ জন্য বাগহাট শ্রীযুক্ত [illegible] কুঞ্জবিহারী দেব মহাশয়কে অগ্রিম দেওয়া ৩০।১২।২১ তারিখে ২৫৲

[illegible]

ইজা—১৩৪৮৵০

নোয়াখালী ,,	ইমারতআলি মিঞা	১০৲
আলিপুর বাবু	হিরালাল সিংহ	১৫৲
বসিরহাট ,,	দুর্গাচরণ দাস	৪৲
ডায়মণ্ডহারবার,,	বিপিনবিহারী হালদার	৫॥০
যশোহর ,,	মহাদেব দালাল	৫৲
খুলনা খন্দকার	আবদুলআলি	১০৲
লালবাগ বাবু	ভোলানাথ দে	৩৲
জঙ্গিপুর মুন্সী	হোসেন মিঞা	১॥০
তমলুক ,,	পিয়ারউদ্দিন মিঞা	১০৲
চেলিডাঙ্গা বাবু	রামব্রজ দোবে	৩৲
স্থানের নাম নাই ,,	শরৎচন্দ্র দে	৬॥০
		২১৮।৵

উদবর্ত্ত জিনিস নিলামে বিক্রয় ৩৫৲

১৯২০ সালের ঢাকা কন্‌ফারেন্‌সের ফণ্ড হইতে শ্রীযুত বাবু হেমন্তকুমার ধর কর্ত্তৃক প্রেরিত ৭৫৲

রিজলিউসন্ ও বিবরণী পুস্তকাদি মুদ্রিত করার জন্য অর্থাভাব হওয়ায় রাজসাহীর অভ্যর্থনা সমিতির সেক্রেটারী শ্রীযুক্ত বাবু জগবন্ধু দে মহাশয়ের নিকট পত্রাদি লেখার পর তাঁহাদের নিজ জেলা মহকুমার সিভিল কোর্ট হইতে নিম্নলিখিত হিসাবে ১৩৫৲ টাকা আদায় করিয়াছেন তাঁহার প্রেরিত ২৮।১।২২ তারিখের পত্রানুযায়ী টাকা জমা দেখান হইল।

রাজসাহী সদর	৪০৲
নাটোর	২০৲
	৬০৲

ইজা—১৪১০।৴৫

রাজসাহীর ২২।১।২২ তারিখের পত্রে জানা গেল কন্‌ফারেন্‌সের ফণ্ড হইতে সুন্দিপের লোককে ১৫।৶১০ দেওয়ার জন্য সিলেক্ট কমিটী আদেশ করিয়াছিলেন। কিন্তু ভুল ক্রমে জমা খরচের খাতাতে তাহা লিখেন নাই আমাদিগকে উক্ত ১৫।৶১০ আনা হিসাব ভুক্ত করিয়া লইতে আদেশ করায় আমরা তাহা খরচের হিসাব ভুক্ত করিয়া লইয়াছি সুতরাং তদ-বাবদ ১৫।৶১০

ইংলিশ রিজলিউসনের ও কন্‌ফা-রেন্‌সের কার্য্যবিবরণী ইত্যাদি মুদ্রিত করার জন্য বাগেরহাটের মুন্সী আবদুল আজিজ ভূঁঞা সাহে-বের বরাবর প্রথম দফে মনিঅর্ডার দ্বারা ৪০৲

দ্বিতীয় দফে মণিঅর্ডার দ্বারা ৭৫৲

১৫৪০৸১৫

রাজসাহীর সেক্রেটারী মহাশয়ের ১৭।২।২২ তারিখের পত্রানুসারে প্রথম প্রেরিত জমা খরচের হিসাব হইতে সুন্দিপের লোকের সাহায্য ১৲ টাকা বাদ দেওয়ার আদেশ থাকায় বাদ দেওয়া গেল। ১৲

১৫৩৯৸১৫

	ইজা—৬০৲
নওগাঁ	২০৲
মালদহ সদর	৩৫৲
নবারগঞ্জ	২০৲
	১৩৫৲

রাজসাহি হইতে প্রেরিত সেক্রেটারী মহাশয়ের ২৮।২।২২ তারিখের পত্রের আদেশ মত জমা দেখান হইল। জেলা বরিশাল মহকুমা পিরোজপুর সিভিল কোর্ট হইতে শ্রীযুক্ত বাবু রাজকুমার দাস ১০৲

ঐ ঐ ২৮।৩।২২ তারিখের পত্রের আদেশ মত জেলা বর্দ্ধমানের আসানশোল সিভিল কোর্ট হইতে মুন্সী মহম্মদ ফকিরউল্যা ২।০

	১২।০
	১৫৫৭॥৵০

জায়—

সিভিল কোর্ট প্রসেস্ সারভার সমিতি হইতে প্রাপ্ত	১২৩৯।০
গত বৎসরের কন্‌কারেন্সের ফণ্ড হইতে প্রদত্ত	৭৫৲
ক্রিমিনিয়াল কোর্ট প্রসেস সার্ভার সমিতি হইতে প্রাপ্ত	২০৮।৵
উদবর্ত্ত জিনিস নিলামে বিক্রি	৩৫৲
মোট জমা	১৫৫৭॥৵০
মোট খরচ	১৫৩৯৸১৫
তহবিল	১৭৸৵৫

মঃ সতর টাকা তের আনা এক পয়সা মাত্র।

উক্ত টাকা রাজসাহী কনফারেন্সের অভ্যর্থনা সমিতির সেক্রেটারীর নিকট আমানত থাকিল।

ইংলিশ রিজলিউসন ও কার্য্য বিবরণী পুস্তিকা ইত্যাদি
যথারীতি মুদ্রিত ও যথাস্থানে প্রেরণ জন্য বাগেরহাট
যে ১৪০৲ টাকা দেওয়া হয় তাহার হিসাব।

জমা—

৩০।১২।২১ তারিখে রাজসাহী হইতে অগ্রিম দেয় মাঃ বাবু কুঞ্জবিহারী দেব ২৫৲

৩।২।২২ তারিখে রাজসাহী হইতে মণিঅর্ডারে প্রাপ্ত মাঃ মুন্সী আবদুল আজিজ ভুঁঞা ৪০৲

৬।২।২২ তারিখে রাজসাহী হইতে মণিঅর্ডার প্রাপ্ত মাঃ মুন্সী আবদুল আজিজ ভুঁঞা। ৭৫৲

১৪০৲

খরচ—

ইংলিশ রিজলিউসন জন্য কাগজ ও ছাপা খরচ। ১৯৲

রিজলিউসন প্রাপ্তি স্বীকার জন্য একখানা ইংরাজি চিঠি ছাপা খরচ ও কাগজ ৩৲

রিজলিউসন বাইণ্ডিং জন্য দপ্তরি ৩৲

৪০০ লেপাফা খরিদ ৬৲

লেপাফা ছাপা খরচ ৪৲

ডাক খরচ ১৮।/০

কার্য্য বিবরণী পুস্তিকা।

ছাপা খরচ

কাগজ

দপ্তরী

ডাক খরচ

ত্রুটী স্বীকার।

গত ২৯শে ডিসেম্বর কন্‌ফারেন্সের কার্য্য শেষ হইয়াছে। তিন মাস গতে কন্‌ফারেন্সের বাংলা বিবরণী পুস্তিকা প্রকাশ হওয়ায় অনেকেই আমাদিগকে তাহার কারণ জিজ্ঞাসা করিতে পারেন, একারণ আমাদের সহকর্ম্মী ভ্রাতৃবৃন্দকে বিবরণী পুস্তিকা গৌণে প্রকাশ হওয়ায় কারণ জ্ঞাপন করিতেছি। অনুগ্রহ পূর্ব্বক ক্ষমা করিবেন।

রাজসাহী হইতে ৩০শে ডিসেম্বর রওয়ানা হইয়া ১লা জানুয়ারী বাগেরহাট পৌঁছি। ইংলিশ রিজলিউসন ও বাংলা বিবরণী পুস্তিকা মুদ্রিত করিয়া যথা স্থানে প্রেরণ জন্য রাজসাহীর অভ্যর্থনা সমিতি আমাদের উপর ভার অর্পিত করেন। তজ্জন্য অগ্রিম ২৫৲ টাকা আমাদিগকে দেন এবং বক্রী টাকা আমাদের পত্র পাইলে পাঠাইয়া দিবেন। আমরা বাগেরহাটে পৌঁছিয়া ইংলিশ রিজলিউসন্ এবং তৎসহ এক ইংরাজি চিঠি এবং লেপাফা ইত্যাদি মুদ্রিত করিয়া জানুয়ারী মাসের প্রথমভাগেই রিজলিউসনের মর্ম্মমত সর্ব্বস্থানে পাঠাইতে থাকি এবং বাংলা বিবরণী পুস্তিকা মুদ্রিত করার জন্য রাজসাহী অভ্যর্থনা সমিতির সেক্রেটারী মহাশয়ের নিকট জমা খরচ ও অভ্যর্থনা সমিতির সভাপতির অভিভাষণ শীঘ্র পাঠাইয়া দিতে বলা সত্বেও তিনি সময় মত পাঠাইতে পারেন নাই। তিনি লিখিয়াছেন যে "অভ্যর্থনা সমিতির সভাপতির অভিভাষণ পাওয়া যাইতেছে না একারণ পাঠান গেল না।" এবং যে জমা খরচ পাঠাইয়াছেন তাহাও আমরা ২০।১।২২ তারিখে পাইয়াছি। জমা খরচ দৃষ্টে দেখা গেল ১৪১০।৶০ জমা এবং ১৪১০/৫ খরচ। এদিকে ইংলিশ রিজলিউসন্ ও তৎসহ এক চিঠি ইত্যাদি ছাপাইতে ও পাঠাইতে আমাদের ২৮/০ টাকা হাওলাত হইয়াছে। এমত অবস্থায় বাংলা বিবরণী ছাপাইতে এবং

পাঠাইতে যে টাকার দরকার তাহা কোথা হইতে পূরণ করা যায় তাহাই চিন্তার বিষয় হইয়াছিল। ইহার মধ্যে রাজসাহীর ২২।১।২২ তারিখের পত্রে জানিলাম "খরচের হিসাবে আরও ১৫।৶১০ আনা যোগ করিতে হইবে; কারণ তাহা ভুলক্রমে খরচে দেখান হয় নাই। কাজেই বিবরণী পুস্তিকা মুদ্রিত করিয়া যথাস্থানে পাঠাবার জন্য কোথা হইতে বা কি প্রকারে টাকা সংগ্রহ করিতে হইবে সে সম্বন্ধে রাজসাহী ও ঢাকা সেণ্ট্রাল কমিটীতে পত্র লিখালিখি চলিতে লাগিল। ঢাকা সেণ্ট্রাল কমিটী উক্ত বিষয়ের এবং গভর্ণমেণ্ট কাউন্সিলে ও উপযুক্ত তদ্বির জন্য অর্থ এবং কি ভাবে তদ্বির করা আবশ্যক তজ্জন্য এক সভা আহ্বান করিলেন। ইতিমধ্যে রাজসাহীর অভ্যর্থনা সমিতির সেক্রেটারী বাবু জগবন্ধু দে মহাশয় তাঁহাদের রাজসাহী, মালদহ, নাটোর, নওগাঁ ও নবাবগঞ্জ হইতে ১৩৫৲ টাকা আদায় করিয়া আমাদের নিকট দুই কিস্তিতে ১১৫৲ টাকা পাঠাইয়াছেন কিন্তু সময় মত টাকা না পাওয়ায় আমাদের সমিতি মত করিলেন যে "নবজীবন" পত্রিকায় কনফারেন্স বিবরণী ধারাবাহিকরূপে প্রকাশ করা হইক। তাহা হইলে খরচের সাহায্য হইবে। একারণ "নবজীবনের" মাঘ সংখ্যায় কনফারেন্সের বিবরণী অধিকাংশই প্রকাশ হইয়াছে। বক্রী ফাল্গুন চৈত্র সংখ্যা "নবজীবনে" প্রকাশ হইয়াছে অবশিষ্ট আগামী সংখ্যায় প্রকাশিত হইবে। এমত অবস্থায় কনফারেন্সের সংক্ষিপ্ত বাংলা বিবরণী পুস্তিকা প্রকাশ করাই সঙ্গত বিবেচনা করিয়া সংক্ষিপ্ত বিবরণী প্রকাশ করিলাম। যে সময় আমরা অর্থ প্রাপ্ত হইয়াছিলাম সেই সময়ই বিবরণী পুস্তিকা মুদ্রিত করার জন্য প্রেসে দেওয়া হইয়াছিল কিন্তু প্রেসে কার্য্যাধিক্য বশতঃ তাঁহারা মার্চ্চ মাসে মুদ্রিত করিয়া দিতে পারেন নাই। বিবরণী পুস্তিকা প্রকাশে গৌণ হওয়ার দুইটী কারণ, প্রথমতঃ অর্থাভাব দ্বিতিয়তঃ প্রেসের কার্য্যাধিক্য।

রাজসাহীর অভ্যর্থনা সমিতি হইতে প্রেরিত জমা খরচ দৃষ্টে অনেকেই মনে করিতে পারেন যে খরচ অতিরিক্ত হইয়াছে। ইহা যে শুধু রাজসাহী অভ্যর্থনা সমিতির ত্রুটি এমত বিবেচনা করি না।

ইহা আমাদের অর্থাৎ উপস্থিত প্রতিনিধিবর্গেরও ত্রুটী মনে করি। আমরা যদি পূর্ব্বে অভ্যর্থনা সমিতিকে খরচ সম্বন্ধে সতর্ক করিয়া দিতাম তাহা হইলে এরূপ খরচ হইত না। ইহা আমাদেরই অপরিণাম দর্শিতার ফল। আমরা রাজসাহী কনফারেন্‌স গিয়াছি। পদ্মা নদী, সাড়া ব্রিজ ও রাজসাহী সহর দেখিতে এবং চর্ব্য চুষ্য লেহ্য, পেয় দ্বারা উদর পূর্ণ করিতে। কোন কোন প্রতিনিধি আহার বিহারে সামান্য ত্রুটী হইলে অমনি অসন্তোষ প্রকাশে হয়ত আহার না করিয়া বিছানায় শুইয়া রহিলেন। বহু সাধ্য সাধনার পর তবে তাঁহার রাগের উপশম হইল। এ যেন তাঁহার নিজের বাড়ী। অনেক প্রতিনিধি প্রকাশ করিতে লাগিলেন চা চাই, শীতকালে চা না হইলে চলে না। চা'র বন্দোবস্ত হইল—অমনি বলা হইল চা'র সহিত বিস্কুট না হইলে চা খাওয়া না খাওয়া সমান। তখনই বিস্কুটের বন্দোবস্ত করা গেল। বিস্কুটের সংখ্যাও যথেচ্ছা। পরিবেশন সময়ে কোনরূপ ত্রুটী হইলে অমনি অধৈর্য্য হইয়া রাগান্বিত ভাব প্রকাশ করা ইত্যাদি কারণে অভ্যর্থনা সমিতি আগন্তুক প্রতিনিধিবর্গের মনস্তুষ্টির জন্য যথা সাধ্য চেষ্টা করিয়াছেন। অর্থের প্রতি লক্ষ্য করেন নাই।

আমাদের সকলেরই ঐকান্তিক যত্ন করা উচিত যে যাহাতে কনফারেন্সের ফণ্ডে বৎসর বৎসর টাকা মজুত হয়। কিন্তু সে দিকে আমাদের মোটেই লক্ষ্য নাই। গত বৎসর ঢাকা কন্‌ফারেন্‌স তৎকার অভ্যর্থনা সমিতি যেরূপ অল্প ব্যয়ে প্রতিনিধি সমূহের আদর অভ্যর্থনার বন্দোবস্ত করিয়া সুচারুরূপে কার্য্য নির্ব্বাহ করিয়াছিলেন তাহাতে তাঁহাদিগকে শত শত ধন্যবাদ দিতেছি। তাঁহারা ৬৮১।/৫ টাকা ব্যয়ে সমস্ত কার্য্য নির্ব্বাহ করিয়া ২৪১৵১৫ টাকা ফণ্ডে জমা রাখিয়াছিলেন। আর রাজসাহী কনফারেন্‌সে প্রায় তাহার তিনগুণ খরচ। ভাবিয়াছিলাম রাজসাহী কনফারেন্সে খরচ বাদে ৫।৬ শত টাকা ফণ্ডে জমা থাকিবে। এখন দেখিতেছি জমা দূরের কথা আবশ্যকীয় তদ্বির করার অর্থাভাব।

সেণ্ট্রাল কমিটী।

রাজসাহী কন্‌ফারেন্সের পূর্ব্ব দিবস অর্থাৎ ২৮শে ডিসেম্বর তারিখে প্রতিনিধিগণের থাকিবার স্থান স্কুল গৃহে উপস্থিত প্রতিনিধিগণ লইয়া যে প্রাইভেট সভা হয় তাহাতে অনেক বাদানুবাদের পর সর্ব্ব সম্মতি ক্রমে কন্‌ফারেন্স পরিচালন এবং আবশ্যকীয় কার্য্য নির্ব্বাহের জন্য নিম্নলিখিত সদস্যগণ লইয়া এক সেণ্ট্রাল কমিটী অর্থাৎ কার্য্যকারী সমিতি গঠন করা হয়। এবং ঢাকা সদরে সেণ্ট্রাল কমিটী আফিস নির্দ্ধারণ করা হয়। আমরা আশা করি সেণ্ট্রাল কমিটীর আদেশ মতে কন্‌ফারেন্সের সমস্ত কার্য্য সম্পন্ন করিতে কেহই দ্বিমত হইবেন না। তথাপি আমদের ত্রুটীতে, ভুল ভ্রান্তিতে যদি সেণ্ট্রাল কমিটী সম্বন্ধে কাহারও আপত্য থাকে তবে আগামী কন্‌ফারেন্সে তাঁহার আপত্য জানাইবেন। খোদার ফজলে উপস্থিত প্রতিনিধিগণের সাক্ষাতে তাঁহাদের আপত্য খণ্ডন করা যাইবে। এই নিয়োগই যে চিরস্থায়ী তাহা কেহ মনে করিবেন না। প্রত্যেক বৎসর কন্‌ফারেন্স সংশোধন করিতে পারিবেন।

সেণ্ট্রাল কমিটীর নিযুক্ত সদস্যগণের নাম, ধাম ও পদ।

সিভিল কোর্ট।

১। শ্রীযুক্ত বাবু যদুনাথ দত্ত প্রেসিডেন্ট প্রসেস সারভার, ঢাকা
২০ নং কলুটোলা, জেলেপাড়া।

২। „ মুন্সী হোছেনদ্দিন আহম্মদ ভাইস প্রেসিডেন্ট, প্রসেস সার্ভার, ঢাকা

৩। „ বাবু মহেন্দ্রকুমার চন্দ সেক্রেটারী, প্রসেস সারভার „
৩৩নং পাতলা খাঁর গলি।

৪। „ „ অক্ষয়কুমার দে এসিষ্টাণ্ট সেক্রেটারী „ „

৫। „ „ মনমোহন দাস ক্যাসিয়ার „ „

৬। „ „ গগনবিহারী দে এসিসষ্টেণ্ট ক্যাসিয়ার „ „

৭।	শ্রী[illegible] প্রকাশচন্দ্র দে [illegible]	প্রসেস সার্ভার	ময়মনসিংহ
৮।	,, মুন্সী মফিজদ্দিন আহাম্মদ	,,	ঢাকা
৯।	,, ,, নাজেমদ্দিন আহাম্মদ	,,	,,
১০।	,, ,, খবিরদ্দিন আহাম্মদ	,,	,,
১১।	বাবু অমৃতলাল নাথ	,,	মুন্সীগঞ্জ
১২।	,, মুন্সী কদমালি মিঞা	,,	,,
১৩।	,, ,, আবদুল রহমান ভুঁঞা	,,	নারায়ণগঞ্জ
১৪।	,, ,, তাহেরদ্দিন আহাম্মদ	,,	মাণিকগঞ্জ
১৫।	,, ,, মহাম্মদ ইদ্রিস মিঞা	,,	বরিশাল
১৬।	,, বাবু বৈকুণ্ঠনাথ দে	,,	ঈশ্বরগঞ্জ ময়মনসিং
১৭।	,, ,, শশিভূষণ দাস	,,	আলিপুর
১৮।	,, ,, আনন্দচন্দ্র দত্ত	,,	হাওড়া
১৯।	,, ,, জগবন্ধু দে	,,	রাজসাহী
২০।	,, ,, মধুসূদন দাস	,,	বর্দ্ধমান
২১।	,, মুন্সী খন্দকার গোলাম রহমান মিঞা	,,	যশোহর
২২।	,, মুন্সী আলতাব আলি মিঞা	,,	কুমিল্লা

ক্রিমিনাল কোর্ট।

২৩।	শ্রীযুক্ত মুন্সী সেখ আবদুল রহমান	,,	রাজসাহী
২৪।	,, ,, আবদুল খালেক খাঁ	,,	নোয়াখালী
২৫।	,, বাবু প্রকাশচন্দ্র পাল	,,	ময়মনসিংহ

দি বেঙ্গল প্রসেস্ সার্ভার কন্‌ফারেন্স ও

সেণ্ট্রাল কমিটির নিয়মাবলী।

১। এ বৎসর ক্রিমিনাল কোর্টের প্রসেস সার্ভার প্রতিনিধিগণ যোগ দেওয়াতে গত বৎসরের কনফারেন্সের নিয়মাবলির ১ নিয়মের "দি বেঙ্গল সিভিলকোর্ট প্রসেস সার্ভারগণ কন্‌ফারেন্স" নামের 'সিভিল কোর্ট' উঠা-

ইয়া দেওয়া হইল। এখন হইতে "দি বেঙ্গল প্রসেস সার্ভার কনফারেন্স" নামে অভিহিত করা হইবে।

২। প্রতি বৎসর বড় দিনের বন্ধের সময় কনফারেন্সের অধিবেশন হইবে।

৩। প্রত্যেক জেলা, মহকুমা ও চৌকিস্থিত সিভিল ও ক্রিমিনাল কোর্টের প্রসেস সার্ভারগণ কনফারেন্সের সভ্য থাকিবেন।

৪। কন্‌ফারেন্স চিরস্থায়ীরূপে রক্ষা করিবার জন্য সিভিল ও ক্রিমিনাল কোর্টের প্রত্যেক প্রসেস সার্ভার বার্ষিক ।• চারি আনা হিসাবে চাঁদা দিতে বাধ্য থাকিবেন।

৫। উপরোক্ত হারে আদায়ী চাঁদা প্রত্যেক সমিতির সেক্রেটারী অথবা যে স্থানে সমিতি স্থাপিত হয় নাই সেই স্থানের প্রসেস সার্ভারগণ সকলেই দেয় চাঁদা আদায় করিয়া ৩০শে নভেম্বরের মধ্যে ঢাকা সেণ্ট্রাল কমিটির সেক্রেটারীর নিকট জমা দিবেন।

৬। সেণ্ট্রাল কমিটির সেক্রেটারী যখন যে আদায়ী টাকা প্রাপ্ত হইবেন তখনই তাহা হিসাব বহিতে জমা করিয়া লইবেন। এবং অব্যবহিত পরেই খরচ লিখিয়া ঐ টাকা স্থানীয় কোন ব্যাঙ্কে অথবা লোন আফিসে "দি বেঙ্গল প্রসেস সার্ভার কনফারেন্স ফণ্ড" পক্ষে সেক্রেটারীর নামে জমা রাখিয়া পাস বহি প্রেসিডেণ্টের নিকট অর্পণ করিবেন। পাস বহি সর্ব্বদাই প্রেসিডেণ্টের নিকট থাকিবে।

৭। সেণ্ট্রাল কমিটীর সেক্রেটারী সাময়িক আবশ্যকীয় খরচের জন্য ২৫৲ টাকা পর্য্যন্ত নিজের অথবা ক্যাসিয়ারের নিকট রাখিতে পারিবেন। সেক্রেটারীর লিখিত আদেশ ভিন্ন ক্যাসিয়ার কোনও টাকা খরচ করিতে পারিবেন না।

৮। সঞ্চিত তহবিল হইতে সেণ্ট্রাল কমিটির অনুমোদন অনুসারে কনফারেন্সের ব্যয় নির্ব্বাহের জন্য ব্যাঙ্ক হইতে আবশ্যকীয় টাকা উঠাইয়া কনফারেন্সের অভ্যর্থনা সমিতির সেক্রেটারীর নিকট পাঠাইবেন। সেণ্ট্রাল কমিটী আবশ্যক বোধ করিলে কনফারেন্সের কার্য্য

নির্ব্বাচনের জন্য অভ্যর্থনা সমিতির সাহায্যার্থ উপযুক্ত স্বাধীনচেতা লোক নিযুক্ত করিয়া পাঠাইতে পারিবেন।

৯। অভ্যর্থনা সমিতির সেক্রেটারী পরবর্ত্তী সালের ৩১শে জানুয়ারীর মধ্যে কনফারেন্সের সর্ব্ববিধ কার্য্য সম্পন্ন করিয়া আয় ব্যয়ের হিসাব নিকাশ ও যাবতীয় কাগজ পত্র এবং তহবিল সেণ্ট্রাল কমিটির সেক্রেটারীর নিকট পাঠাইবেন।

১০। প্রেসিডেণ্টের অবর্ত্তমানে ভাইস প্রেসিডেণ্ট, সেক্রেটারীর অবর্ত্তমানে এসিষ্টাণ্ট সেক্রেটারী এবং ক্যাসিয়ারের অবর্ত্তমানে এসিষ্টাণ্ট ক্যাসিয়ার কার্য্য করিবেন।

১১। প্রেসিডেণ্ট ও সেক্রেটারীর এবং আবশ্যক বোধে স্থানীয় মেম্বরগণের মত লইয়া আবশ্যকীয় খাতা পত্র তৈয়ার করিবেন। সমস্ত কাগজ পত্র সেক্রেটারীর হেপাজতে থাকিবে এবং প্রতি বৎসর কনফারেন্সের সময় তাহা উপস্থিত করিবেন।

১২। সেণ্ট্রাল কমিটীর প্রেসিডেণ্ট যে কোন সময় সভা আহ্বান করিতে পারিবেন। কিন্তু সভা আহ্বানের ১৫ দিন পূর্ব্বে বিদেশীয় সদস্যগণকে সভার বিবরণ জানাইতে হইবে। সভা আহ্বানপত্রে সভার আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ থাকিবে।

১৩। স্থানীয় সমস্ত প্রসেস সার্ভারগণ সেণ্ট্রাল কমিটির সভাতে উপস্থিত হইয়া আলোচনা করিয়া সদস্যদিগকে পরামর্শ দিতে পারিবেন। কিন্তু ভোট দিতে পারিবেন না। স্থানীয় সদস্যগণের মধ্যে অধিক সংখ্যক সদস্যের সভাতে উপস্থিত হইলে সভার কার্য্য চলিবে। বিদেশীয় সদস্যগণ নিজ সমিতির ব্যয়ে সভায় উপস্থিত হইবেন অন্যথায় মত লিখিয়া সভার ২৪ ঘণ্টা পূর্ব্বে সেণ্ট্রাল কমিটির সেক্রেটারীর নিকট পাঠাইবেন।

১৪। প্রেসিডেণ্ট উপস্থিত সদস্যগণের মত এবং অনুপস্থিত বিদেশীয় সদস্যগণের মত সংগ্রহ করিয়া অধিক সংখ্যক সদস্যগণের মতানুসারে রিজলিউসন পাঠ করতঃ সমস্ত জেলা মহকুমার সিভিল ও ক্রিমিনাল কোর্টের প্রসেস সার্ভারদিগকে মুদ্রিত পত্র দ্বারা জানাইবেন এবং তদনুসারে সমস্ত সভাই কার্য্য করিতে বাধ্য থাকিবেন।

১৫। যদি কোন সদস্য পদ ত্যাগ করেন কিংবা কাহারও মৃত্যু হয় তবে প্রেসিডেন্ট ঐ পদে অন্য লোক নিযুক্ত করিতে পারিবেন।

১৬। প্রসেস সার্ভার ভিন্ন কোন লোকই কনফারেন্স কি সেন্ট্রাল কমিটির সদস্য হইতে পারিবেন না।

১৭। দুই বা ততোধিক সদস্যের স্বাক্ষরিত পত্র দ্বারা সেক্রেটারী সভা আহ্বান করিতে বাধ্য থাকিবেন।

১৮। সমিতির নিয়মাবলী আবশ্যক বোধ হইলে কনফারেন্সের সাধারণ সভা কর্ত্তৃক পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত হইতে পারিবে।

ক্রিমিনাল কোর্টের প্রসেস্ সারভার ভ্রাতৃবৃন্দের প্রতি।

গত রাজসাহী কনফারেন্সে ক্রিমিনাল কোর্টের প্রসেস সারভার ভ্রাতৃবৃন্দ যোগ দিয়াছিলেন তাহাতে আমরা আন্তরিক সন্তোষ লাভ করিয়াছি। সিভিল ও ক্রিমিনাল কোর্টের প্রসেস সারভার ভ্রাতৃবৃন্দ একযোগে কনফারেন্সের স্থায়ীত্ব ও উন্নতিকল্পে কায়মনোবাক্যে চেষ্টা করিলে খোদার ফজলে ফল যে শুভ হইবে তাহা বলাই বাহুল্য। গত কনফারেন্সে ক্রিমিনাল কোর্ট হইতে মাত্র অল্প সংখ্যক প্রতিনিধি যোগ দিয়াছেন এবং অধিকাংশ স্থান হইতেই অর্থ সাহায্য করেন নাই ইহা বড়ই দুঃখের বিষয়। আমরা ক্রিমিনাল কোর্টের প্রসেস সারভার ভ্রাতৃবৃন্দকে জানাইতেছি যে যে সকল স্থান হইতে গত কনফারেন্সে অর্থ সাহায্য করেন নাই তাঁহারা কনফারেন্সের নিয়মানুযায়ী প্রত্যেকের ।• চারি আনা হিসাবে চাঁদা সেন্ট্রাল কমিটীর সেক্রেটারী মহাশয়ের নিকট পাঠাইতে অন্যথা করিবেন না এবং আগামী কনফারেন্সে তাঁহারা সর্ব্ব স্থান হইতে প্রতিনিধি ও নিয়মিতরূপ চাঁদা প্রেরণ জন্য এখন হইতেই প্রস্তুত থাকিবেন। এতদ্ সম্বন্ধে ময়মনসিংহের ক্রিমিনাল কোর্টের প্রসেস সারভার শ্রীযুত প্রকাশচন্দ্র পাল ও রাজসাহী ক্রিমিনাল কোর্টের প্রসেস সারভার মুনসি সেখ আবদুল রহমান ও নোয়াখালির ক্রিমিনাল কোর্টের প্রসেস সারভার মুনসি

আবদুল [illegible] সাহেবকে অনুরোধ করা হইয়াছিল। তাঁহারা সর্ব্ব স্থানের ক্রিমিনাল কোর্টের প্রসেস সারভাঁর ভ্রাতৃবৃন্দকে মুদ্রিত পত্র দ্বারা উৎসাহিত করিবেন। কিন্তু তাঁহাদের কোন সাড়া শব্দ পাওয়া যাইতেছে না। এ বিষয় অধিক লিখিয়া আপনাদিগকে বিরক্ত করিতে চাহিনা। কত পয়সা কত সময় অযথা ব্যয় হয়। আমরা আশা করি নিজেদের উন্নতি কল্পে বার্ষিক ৪।৫ আনা পয়সা দিতে কেহই কুণ্ঠিত হইবেন না। এবং নব জীবন মাসিক পত্রিকা কয় খণ্ড গ্রহণ করিবেন জানাইবেন।

যে যে স্থান হইতে কনফারেন্সর প্রেসিডেণ্ট সাহেব বরাবর রেজলিউসন প্রাপ্তি স্বীকার পত্র পাঠাইয়াছেন সেই সেই স্থানের নাম ও চিঠির নম্বর, তারিখ নিম্নে দেওয়া গেল।

১। অনারেবেল্ হাই কোর্ট No. 1123 E. D/ 15. 2. 22.
২। কমিশনার চট্টগ্রাম No. 455--G/IV--1 D/6. 2. 22.
৩। ডেপুটী কমিশনার, জলপাইগুড়ী No 233 G. D/20. 1. 22.
৪। ডিষ্ট্রীক্ট জজ, ত্রিপুরা No. $\frac{199\ G.}{X-1}$ D/24. 1. 22.
৫। ,, ,, মুরশিদাবাদ No. 344. D/23. 1. 22.
৬। ,, ,, হুগলী, হাওড়া No. 980. D/20. 1. 22.
৭। ,, ,, খুলনা No. 194 G. D/27. 1. 22.
৮। ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট ময়মনসিংহ No. Nil. D/23. 1. 22.
৯। ,, ,, ঢাকা No. D/21. 1. 22.
১০। ,, ,, পাবনা No. 268 G. D/20. 1. 22.
১১। ,, ,, ফরিদপুর No. 533 J. D/6. 2. 22.
১২। ,, ,, খুলনা No. Nil. D/21. 1. 22.
১৩। ,, ,, যশোহর No. Nil D/20. 1. 22.
১৪। ,, ,, দিনাজপুর No. 324. D/30. 1. 22.

১৫। [illegible] মুন্সেফ, [illegible] No. 61. D/26. 1. 22.
১৬। ,, ,, নেত্রকোণা No. 15. D/30. 1. 22.
১৭। ,, ,, বোলপুর No. Nil. D/31. 1. 22.
১৮। ,, ,, নবীনগর No. Nil. D/26. 1. 22.
১৯। ,, ,, সেরপুর No 27 D/27. 1. 22.
২০। ,, ,, চুয়াডাঙ্গা No. Nil. D/5. 2. 22.
২১। ,, ,, বাগেরহাট No. Nil. D/20. 1. 22.
২২। সবডিভিসনাল অফিসার, আসানসোল No. Nil. D/8. 2. 22.
২৩। ,, ,, বারাকপুর No. 4014 D/8. 2. 22.
২৪। ,, ,, সিরাজগঞ্জ No. 436 D/4. 2. 22.
২৫। ,, ,, ফেণী No. $\frac{125\ C}{VIII-1}$ D/1. 2. 22.
২৬। ,, ,, বাগেরহাট No. 2155 D/30. 1. 22.
২৭। ,, ,, নারায়ণগঞ্জ No. 185 D/1. 2. 22.
২৮। ,, ,, উলুবাড়িয়া No. Nil. D/2[illegible]. 1. 22.

বিশেষ অনুরোধ।

কন্‌ফারেন্সের রিজলিউসনের মর্ম্ম মত যাহাতে কার্য্য হয় তজ্জন্য বঙ্গীয় কাউন্সিলের মেম্বরগণের দ্বারা কাউন্সিলে প্রশ্ন ও প্রস্তাব উত্থাপন করিতে হইবে। আপনাদের ওখানে যদি বঙ্গীয় কাউন্সিলের কোন মেম্বর থাকেন তবে তাঁহার নিকট যাইয়া দরবার করিবেন। তিনি যেন নিম্নলিখিত ভাবে কাউন্সিলে প্রস্তাব ও প্রশ্ন উত্থাপন করেন :—

প্রস্তাব।

বঙ্গের সমস্ত প্রেসেস সার্ভারগণ ১৯২০ সনে ২৭শে ডিসেম্বর তারিখে ঢাকা ও ১৯২১ সালের ২৯শে ডিসেম্বর রাজসাহীতে কনফারেন্স করিয়া সর্ব্ব সম্মতিক্রমে যে রিজলিউসন পাশ করিয়াছেন। তাহাতে তাঁহারা যে যে অভাব অভিযোগ ও অত্যাচারের কথা উল্লেখ

করিয়া সহৃদয় গভর্ণমেণ্ট সদনে প্রতিকার প্রার্থী হইয়াছেন এবং "নব জীবন" মাসিক পত্রিকায় প্রসেস সারভারদের প্রতি যে সকল অত্যাচার কাহিনী বিস্তারিতভাবে লেখা হইতেছে তজ্জন্য আমি সহৃদয় গভর্ণমেণ্ট সমীপে এই প্রস্তাব উপস্থিত করিতেছি যে প্রসেস সারভারদের অভাব অভিযোগ দূরীকরণ ও অত্যাচার নিবারণ জন্য সরকারি বেসরকারি মেম্বর দ্বারা এক কমিশনর গঠন করা হউক।

১ম প্রশ্ন। সমগ্র বাঙ্গলার প্রসেস সারভারগণ গত ২৯শে ডিসেম্বর রাজসাহীতে কন্‌ফারেন্স করিয়া যে রিজলিউসন গভর্ণমেণ্ট সমীপে প্রেরণ করিয়াছেন, তাহা গভর্ণমেণ্ট প্রাপ্ত হইয়াছেন কি না?

২য় প্রশ্ন। গভর্ণমেণ্ট তৎসম্বন্ধে কি করিতেছেন।

৩য় প্রশ্ন। নাইট গার্ড, আফিস পিয়ন, আর্দ্দালি নিযুক্ত থাকা সত্ত্বেও প্রসেস সারভারদিগকে গড়ে ২০ দিন কোর্টে হাজির রাখিয়া ঐ সব কার্য্যে নিযুক্ত করা হয় কি না? যদি তাহাদিকে ঐ ভাবে কোর্টে হাজির রাখা হয় তাহাতে গভর্ণমেণ্টের আর্থিক ক্ষতি হয় কিনা?

৪র্থ প্রশ্ন। প্রসেস সারভারগণ গড়ে কত দিন মফঃস্বলের কার্য্যে নিযুক্ত থাকে?

নিবেদন।

ঢাকা সেণ্ট্রাল কমিটী আবশ্যকীয় তদবিরের অর্থ সাহায্য জন্য সকল স্থানের প্রসেস্ সারভার সমিতির নিকট মুদ্রিত পত্র প্রেরণ করিতেছেন। বোধ হয় সকল সমিতিই মুদ্রিত পত্র পাইয়া থাকিবেন। তদনুসারে চাঁদা আদায় করিয়া ঢাকা সেণ্ট্রাল কমিটীর সেক্রেটারীর বরাবর অবিলম্বে প্রেরণ করিবেন ইহা বলাই বাহুল্য।

কনফারেন্স করিয়া রিজলিউসন যথাস্থানে পাঠাইলেই কার্য্য শেষ হয় না। রিজলিউসনের মর্ম্মমত কার্য্য হয় তাহার উপযুক্ত তদ-

বিয় করা আবশ্যক নচেৎ তাহা ধামা চাপা থাকে। ইহা সকলেই বুঝিতে পারেন। এজন্য আমাদের দুঃখে যাঁহাদের সহানুভূতি আছে এরূপ সহৃদয়ান্তঃকরণ বঙ্গীয় কাউন্সিলের মেম্বরগণের নিকট দরবার করিয়া যাহাতে রিজলিউসনের মর্ম্ম মত আমাদের অভাব অভিযোগের দাবি পূর্ণ হয় তদবিষয়ে বিশেষ চেষ্টা করিতে হইবে।

একারণ প্রিয় বন্ধুগণের নিকট বিনীত অনুরোধ তাঁহারা যেন ঋষিবাক্য "গতস্য শোচনা নাস্তি" স্মরণ করিয়া ভবিষ্যতের জন্য সর্ব্ব বিষয়ে সতর্ক হন। এবং যে সব সিভিল ও ক্রিমিনাল কোর্ট হইতে কনফারেন্সে চাঁদা প্রেরণ করেন নাই তাঁহারা তাঁহাদের দেয় চাঁদা প্রত্যেকে চারি আনা হিসাবে এবং সেণ্ট্রাল কমিটীর ধার্য্যানুসারে সমস্ত স্থানের প্রসেস্ সারভার অতিরিক্ত এক আনা হিসাবে চাঁদা আদায় করিয়া ঢাকা সেণ্ট্রাল কমিটীর সেক্রেটারী মহাশয়ের নিকট পাঠাইবেন। অর্থাভাবে তদবির হইতেছে না।

আগামী বৎসর বড় দিনের বন্ধের সময় প্রসেস্ সারভার কনফারেন্সের তৃতীয় বার্ষিক অধিবেশন কুমিল্লার সহরে হইবে। বোধহয় ইহা সকলেই অবগত আছেন। আগামী বৎসরের চাঁদা আগামী ৩০শে নবেম্বরের পূর্ব্বে যথা স্থানে পাঠাইবেন। এবং কার্য্য যাহাতে সুশৃঙ্খলার সহিত অল্প ব্যয়ে সম্পন্ন হইয়া ফণ্ডে টাকা মজুত থাকে তদবিষয় বিশেষ দৃষ্টি রাখিবেন। ইহাই আমরা উপসংহারে নিবেদন করিলাম, নিবেদন ইতি—২৮।৩।২২

অনুমত্যানুসারে
শ্রীআব্দুল আজিজ ভূঞা
শ্রীকুঞ্জবিহারী দেব
প্রসেস্ সারভার।
বাগেরহাট, (খুলনা)

বাগেরহাট সন্তোষ প্রেসে
শ্রীসুরেন্দ্রনাথ দেব দ্বারা মুদ্রিত
ও মুন্সী আবদুল আজিজ ভূঁঞা কর্ত্তৃক প্রকাশিত।